তারিখ .. 2 6 JUL 2016 ....
পৃষ্ঠা ..৮... কলাম ..৬.......

দৈনিক
ইত্তেফাক

# শিক্ষার প্রসারে বিত্তবানদের এগিয়ে আসতে হবে

---------------- ঢাবি ভিসি

সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে বরিশাল বিভাগ কল্যাণ সংস্থা আয়োজিত শেরে বাংলা স্মৃতি বৃত্তি প্রদান ও সনদপত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, শিক্ষার প্রসারে সরকারের পাশাপাশি সমাজের বিত্তবানদের এগিয়ে আসার কোনো বিকল্প নেই। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কৃষি ব্যাংকের চেয়ারম্যান ও বরিশাল বিভাগ কল্যাণ সংস্থার সভাপতি মোহাম্মদ ইসমাইল। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সংস্থার সাধারণ সম্পাদক মোঃ শাহ আলম এবং শেরে বাংলা স্মৃতি বৃত্তি কমিটি ২০১৬ এর আহবায়ক ড. এম কামাল উদ্দীন জসিম।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন শেরে বাংলা স্মৃতি বৃত্তির অন্যতম উদ্যোক্তা ফজিলাতুননেসা এবং ২০১৪ ও ২০১৫ বৃত্তি কমিটির আহবায়ক যথাক্রমে সৈয়দ হাফিজুল ইসলাম ও মোহসেনা বেগম। বক্তারা দেশের শিক্ষা প্রসারে সংগঠনটির নানা ধরনের উন্নয়নমূলক কার্যক্রমের কথা উল্লেখ করেন। —প্রেস বিজ্ঞপ্তি